



বরগুনায় নির্ধাতন করে মাদ্রাসা ছাত্রকে হত্যা ॥ হোটেল সুপার তিন দিনের রিমান্ডে

বরগুনা, ২৯ জুন, নিজস্ব সংবাদদাতা ॥ সদর উপজেলার চরকপাছিয়া এতিম মঞ্জিল সিনিয়র মাদ্রাসার ছাত্র নাজমুল আহসান হত্যা মামলার প্রধান আসামী হোটেল সুপার মাওলানা শহিদুল হককে তিন দিনের রিমান্ডে আনা হয়েছে। বরগুনা থানার এসআই আবুল আকতার শনিবার তাকে মাদ্রাসা থেকে প্রেফতার করে। কগনিজেন্স কোর্টে তাকে হাজির করে ১৭ দিনের রিমান্ড চাওয়া হয়। ম্যাজিস্ট্রেট প্রণবকুমার রায় তিন দিনের রিমান্ড মঞ্জুর করেন। উল্লেখ্য, এ মাদ্রাসার ৭ম শ্রেণীর ছাত্র নাজমুল হোটলে থেকে লোপাড়া করত। ৮ জুন বাড়ি থেকে সে হোটলে চলে যায়। এর পর ১৩ জুন তার মূলত লাশ পাওয়া যায়। অভিযোগ রয়েছে, মাদ্রাসার হোটলে নির্মম নির্ধাতনে তার মৃত্যু হয়েছে। হত্যার দায় থেকে রেহাই পাবার জন্য মৃত্যুর পরে তার লাশ গলায় রশি দিয়ে কুণ্ডিয়ে রাখা হয়। প্রথমে নাজমুল আত্মহত্যা করেছে বলে অপপ্রচার করা হয়েছিল। ময়নাতদন্ত না করার জন্যও মাদ্রাসার অধ্যক্ষ চেটা করেছিলেন। ময়না তদন্তের রিপোর্টে প্রমাণ মিলেছে যে, তাকে নির্ধাতন করে হত্যা করা হয়েছে। এ ব্যাপারে নাজমুলের পিতা মাওলানা আবু ছজর বাদী হয়ে মাদ্রাসার অধ্যক্ষ সুলতান মাহমুদসহ ৫ জনকে আসামী করে একটি হত্যা মামলা দায়ের করেছে।